ভোটের মুখে লক্ষ্মীর ভাণ্ডার বৃদ্ধিতে শাসক দল কি বাড়তি অক্সিজেন পেল?

সোমনাথ মুখার্জি ● দুর্গাপুর

লক্ষ্মীর ভাণ্ডার বৃদ্ধি,স্বস্তিতে বঙ্গ লক্ষ্মীরা, অক্সিজেন পেল তৃণমূল লক্ষ্মীর ভাণ্ডার এই এক শধেই আবার স্বস্তি ফিরল রাজ্যের লক্ষ লক্ষ মহিলার মুখে। একই সঙ্গে রাজনৈতিকভাবে তৃণমূল কংগ্রেসের জন্যও তা হয়ে উঠল বড় অক্সিজেন। অর্থনীতিবিদদের মতে, দেশের আর্থিক ভাবে সবচেয়ে দুর্বল শ্রেণির মধ্যে মহিলারাই এগিয়ে। তাঁদের হাতে সরাসরি অর্থ পৌঁছে দেওয়া সংসার পরিচালনার পাশাপাশি নারীর ক্ষমতায়নেও বড় ভূমিকা নেয়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে শুরু হওয়া লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পে ইতিমধ্যেই লক্ষ লক্ষ মহিলা উপকৃত হয়েছেন। ২০২৬-এর ভোটের আগে এই প্রকল্পে অর্থ বৃদ্ধি নিয়ে আশায় ছিলেন বঙ্গ লক্ষ্মীরা। সেই আশাতেই সিলমোহর দিল এবারের রাজ্য বাজেট।

নতুন ঘোষণা অনুযায়ী, সাধারণ মহিলারা পাবেন মাসে ১৫০০ টাকা এবং তফসিলি জাতি ও উপজাতি মহিলারা পাবেন ১৭০০ টাকা। এই ঘোষণার পর রাজনৈতিক মহলে তৎপরতা বেড়েছে। বিরোধীদের দাবি ও পালটা প্রতিশ্রুতি থাকলেও, বাস্তব রূপ পায়নি বলে কটাক্ষ শাসক শিবিরের। অন্যদিকে তৃণমূল কর্মীদের মধ্যে দেখা গিয়েছে প্রবল উৎসাহ। বাজেট ঘোষণার পর দুর্গাপুরে মহিলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে আয়োজন করা হয় বিশাল মিছিল। জেলা মহিলা তৃণমূল সভাপতি অসীমা চক্রবর্তীর নেতৃত্বে ঢাক বাজিয়ে মিছিল এগোয়। হাতে লক্ষ্মীর ভাঁড় নিয়ে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে স্লোগান ওঠে, জিতবে কারা? তৃণমূল আবার কারা।

মিছিল শেষে সবুজ আবির খেলায় মেতে ওঠেন কর্মীরা। শনিবার বিকেলে অসীমা চক্রবর্তী বলেন, লক্ষ্মীর ভাণ্ডারের টাকা বাড়ানোয় মহিলারা খুব খুশি। এই মিছিল মহিলাদের আবেগের বহিঃপ্রকাশ। বাংলার মুখ্যমন্ত্রী সবসময় মহিলাদের পাশে দাঁড়িয়েছেন, এবারও তার ব্যতিক্রম হয়নি।

বিতর্কে জড়ানো আঝাপুর উচ্চ বিদ্যালয় পরিদর্শনে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি

নিজস্ব প্রতিবেদন, জামালপুর: চলছে মাধ্যমিকের পরীক্ষা আর মাধ্যমিক পরীক্ষাকে ঘিরে একাধিক নির্দেশিকা জারি রয়েছে পর্ষদের তরফ থেকে। সেই সমস্ত নির্দেশিকা মেনে পরীক্ষা কেন্দ্রগুলোতে পরীক্ষা গ্রহণ হচ্ছে কিনা তা খতিয়ে দেখতে শনিবার জেলায় আসেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডক্টর রামানুজ গাঙ্গুলি। জঙ্গলমহল বীরভূম পশ্চিম বর্ধমান সেরে তিনি পূর্ব বর্ধমানের জামালপুরের আঝাপুর উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন। মাধ্যমিক পরীক্ষার দ্বিতীয় দিনে এই আঝাপুর উচ্চ বিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রে নজির বিহীন ঘটনা ঘটে। স্কুল পরিদর্শক প্রশান্ত কবিরাজ পরিদর্শন করার সময় এক ডি গ্রুপ কর্মীর কাছে থাকা মোবাইল ফোন বেজে

ওঠে।সকলকে মোবাইল ফোন জমা করার কথা বলতে গেলে তার উপর চড়াও হন ডি গ্রুপের কর্মী সহ অন্যান্য শিক্ষকরা। তিনি আক্রান্ত হন কয়েকজন শিক্ষকের হাতে বলে অভিযোগ উঠে। সেই ঘটনার পরিপ্রেক্ষিতে তড়িঘড়ি করা পদক্ষেপ গ্রহণ করে রাজ্য শিক্ষা দপ্তর। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ ৮ জনকে সাসপেন্ড করা হয়।

জামালপুর ব্লকের পর্বতপুর উচ্চ বিদ্যালয় প্রধান শিক্ষক সহ ১০ জনকে দায়িত্ব দেওয়া হয়েছে এই পরীক্ষা কেন্দ্রের। আগামী পরীক্ষাগুলি সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য নজির বিহীন এই ঘটনার পর। আঝাপুর উচ্চ বিদ্যালয় সরেজমিনের পরিদর্শন করতে আসেন পর্ষদের সভাপতি রামানুজ গাঙ্গুলি। যে জায়গায় ঘটনা ঘটেছিল। সেই জায়গার পরিস্থিতি তিনি যেমন খতিয়ে দেখেন পরবর্তী তদন্তের ক্ষেত্রে যাতে পদক্ষেপ নিতে সুবিধা হয় সেই সমস্ত বিষয়গুলো নিয়েও নিজে খতিয়ে দেখলেন ঘটনাস্থল। এছাড়াও আঝাপুর উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা গ্রহণ ঠিকমতো হচ্ছে কিনা সেই সমস্ত বিষয় নিয়েও খোঁজ খবর নেন। পর্ষদের নির্দেশিকা মেনে পরীক্ষা কেন্দ্রগুলি পরিচালনা হচ্ছে কিনা সে বিষয়ে নজরদারি চলছে পর্ষদের।

তনয় শাস্ত্রী-সহ দু'জনের ফের চার দিনের জেল হেপাজত

নিজস্ব প্রতিবেদন, বনগাঁ: মিমি চক্রবর্তীর করা মামলায় তনয় শাস্ত্রী জামিন পেলেও পুলিশ হেনস্থা মামলায় তনয় শাস্ত্রী ও আরও দু'জনের আবারও চার দিনের জেল হেফাজতের নির্দেশ বিচারকের। গত ২৫ জানুয়ারি বনগাঁর নয়াগোপালগঞ্জে অনুষ্ঠানে এসে হেনস্থা শিকার হয়েছিলেন মিমি চক্রবর্তী তেমনই অভিযোগ তুলে বনগাঁ থানায় অভিযোগ দায়ের করেছিলেন অভিনেত্রী নিজেই। পরবর্তীতে ২৯ জানুয়ারি পুলিশের কাজে বাধা ও পুলিশকে হেনস্তার অভিযোগে তনয় শাস্ত্রী ও আরো দুজনকে গ্রেপ্তার করা বনগাঁ থানার পুলিশ ৩০ শে জানুয়ারি পুলিশের তরফ থেকে ৭ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানিয়ে বনগাঁ মহকুমা আদালতে পেশ করা হলে বিচারক তাদের ৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেয়। পরবর্তীতে ৩রা ফেব্রুয়ারি আবার আদালতে তোলা হলে পুলিশের তরফ থেকে তনয় শাস্ত্রী ও আরো দুইজনকে ৭ দিনের পুলিশ হেপাজতের আবেদন এবং বাড়িতে তল্লাশি করার আবেদন জানানো হয় এবং মিমি চক্রবর্তীর করা মামলায় শ্লীলতাহানির ধারা যুক্ত করার আবেদন জানানো হয়।

পুলিশ হেপাজতের আবেদন ও জামিনের নামঞ্জুর করে বিচারক ৪ দিনের জেল হেফাজতের নির্দেশ এবং মিমি চক্রবর্তীর গোপন জবানবন্দি দেওয়ার জন্য নির্দেশ দেয়। গত ৫ ফেব্রুয়ারি মিমি চক্রবর্তী বনগাঁ মহকুমা আদালতে এসে গোপন জবানবন্দি দিয়ে যান। শনিবার আবার আদালতে তোলা হলে বিচারক তনয় শাস্ত্রীকে মিমি চক্রবর্তীর মামলায় জামিন দেন এবং পুলিশের কাজে বাধা ও হেনস্তার মামলায় আগামী ১১ তারিখ পর্যন্ত জেল হেপাজতের নির্দেশ দেয়।

আশ্বাসের ২৪ ঘণ্টায় নির্মিত বাম্পার

নিজস্ব প্রতিবেদন, জামুড়িয়া: স্থানীয় বাসিন্দাদের দেওয়া আশ্বাস ২৪ ঘণ্টার মধ্যেই পূরণ। তৎপরতার সঙ্গে জাতীয় সড়কে নির্মাণ করা হলো বাম্পার। প্রশাসনের তৎপরতা দেখে খুশি স্থানীয়রা।

উল্লেখ্য যে বৃহস্পতিবার বেলা বারোটা নাগাদ জামুড়িয়া বিধানসভার তপসি পঞ্চায়েতের অন্তর্গত কুনুস্তরিয়া কাঁটা মোড় সংলগ্ন এলাকায় একটি সড়ক দুর্ঘটনা ঘটে। যদিও সেই দুর্ঘটনায় সে ভাবে হতাহতের কোন খবর না-মিললেও বারংবার ওই অংশে দুর্ঘটনা ঘটায় স্থানীয় মানুষজন সে সময় দীর্ঘক্ষণ জাতীয় সড়ক অবরোধ করে দেয় ব্যারিকেট এবং বাম্পারের দাবি জানিয়ে।

ঘটনার খবরে সেই মুহূর্তে ছুটে যায় জামুরিয়া থানা ও কেন্দা ফাঁড়ির পুলিশ। পুলিশ আশ্বাস দেয় ব্যারিকেট এবং বাম্পার নির্মাণ করা হবে।

তবে আশ্বাসের ২৪ ঘন্টা পেরোতে না-পেরোতেই এই যে কাজ হয়ে যাবে সেটা স্বপ্নেও কল্পনা করতে পারেননি স্থানীয় বাসিন্দারা। শুক্রবার সকাল থেকেই কেন্দা ফাঁড়ির পুলিশ নিজে দাঁড়িয়ে থেকে বাম্পার নির্মাণের কাজ করায়। এ বিষয়ে জামুরিয়া ব্লক টু আইএনটিটিইউসির সভাপতি রাজু মুখার্জি প্রশাসনের এহেন তৎপরতা দেখে খুশি হয়ে বলেন সাধারণ মানুষ প্রশাসনের কাছে দাবিদাওয়া রেখেছিলেন, সে মতো কাজও সম্পন্ন হয়েছে। তিনি ধন্যবাদ জানান স্থানীয় কেন্দা ফাঁড়ির পুলিশকে।

ইটভাটার ট্রাক্টরে ক্ষতির আশঙ্কায় রাস্তা বাঁচাতে বিক্ষোভে কৃষকরা

নিজস্ব প্রতিবেদন, কালনা: কৃষকদের তৈরি রাস্তা ভাঙতে পারে ইটভাটার ট্রাক্টরে, মানিকনগর চড়ে প্রতিবাদে একজোট হলেন কৃষক ও গ্রামবাসীরা।

পূর্ব বর্ধমান লাগোয়া নদিয়া জেলার শান্তিপুর ব্লকের গয়েশপুর পঞ্চায়েতের মানিকনগর চড়ে মাটি মাফিয়াদের দৌরাত্ম্যের বিরুদ্ধে এবার একজোট হলেন কৃষক ও গ্রামবাসীরা। সরকারি সহযোগিতা না-পেয়ে প্রায় এক বছর আগে নিজেদের শ্রমে চলাচলের উপযোগী একটি কাঁচা রাস্তা তৈরি করেছিলেন এলাকাবাসী। ভোটের সময় স্থানীয় নেতা-মন্ত্রীদের প্রতিশ্রুতি মিললেও। পরে বাস্তবে কোনও উন্নয়ন না হওয়ায় নিজেদের সমস্যার সমাধানে নিজেরাই উদ্যোগ নেন তারা। ব্রজকিশোর গোস্বামী কথা দেন ওই রাস্তা উন্নয়নে মিলবে সরকারি সহযোগিতা।

জানা গিয়েছে, মানিকনগর চড়ে ও পার্শ্ববর্তী এলাকায় প্রায় পাঁচটি ইটভাটা রয়েছে। ওই ইঁট ভাটা গুলোর জন্য প্রতিদিন প্রায় ১০০ থেকে ১৫০টি ট্রাক্টর ও লরি যাতায়াত করে বিভিন্ন রাস্তা দিয়ে। তবে পুরোপুরি কাজ সমাপ্ত না-হলেও আপাতত চলাচলের উপযোগী ভাটা খুলতে যাওয়া অত্যন্ত সহজ এই কাঁচা রাস্তা দিয়ে। আগামীতে অত্যাচার বাড়তে পারে মাটি মাফিয়া দের। কারণ যে মাটির দাম ৩০০ টাকা প্রতি ট্রাক্টর। সেখানে ভাটায় দিলে মেলে ১০০০ টাকা। স্বভাবতই,মাটি দেওয়ার প্রবণতা অত্যন্ত বেশি স্থানীয় মাটি মাফিয়াদের। কৃষকদের আশঙ্কা অনুযায়ী ভারী যানবাহনের চলাচলের ফলে গ্রামবাসীদের কষ্ট করে তৈরি করা রাস্তা আবারো পড়তে পারে ভাঙনের মুখে। কোথাও কোথাও বড় বড় গর্ত তৈরি হয়েছে।

এছাড়াও ইঁট তৈরির জন্য কৃষিজমি থেকে অবৈধভাবে মাটি কাটার অভিযোগ উঠেছে ইঁটভাটা মালিকদের বিরুদ্ধে। এজন্য কৃষকরা বিএলআরওর কাছেও বিষয়টি সজাগ দৃষ্টিতে দেখার অনুরোধ জানিয়েছেন। কারন এর ফলে একদিকে যেমন কৃষিজমি নষ্ট হচ্ছে, অন্যদিকে পরিবেশের ওপরও পড়ছে বিরূপ প্রভাব। চাষের জমি ক্ষতিগ্রস্ত হওয়ায় ভবিষ্যতে কৃষিকাজ নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন বহু কৃষক।

এই পরিস্থিতিতে গ্রামবাসীরা মিলিত হয়ে 'জমি রক্ষা কমিটি' নামে একটি সংগঠন তৈরি করেছেন। এই কমিটির উদ্যোগে শুরু হয়েছে প্রতিবাদ আন্দোলন। সম্প্রতি সেই আন্দোলনে যোগ দিয়েছেন স্থানীয় পঞ্চায়েত সদস্যরাও। তাদের দাবি, দ্রুত প্রশাসনের হস্তক্ষেপে অবৈধ মাটি কাটায় রাশ টানা হোক এবং রাস্তাটিকে পাকাপাকিভাবে নির্মাণ করা হোক।

গ্রামবাসীদের বক্তব্য, উন্নয়নের নামে তাদের জীবিকা ও পরিবেশ ধ্বংস করা মেনে নেওয়া যায় না। প্রশাসন দ্রুত ব্যবস্থা না-নিলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটবেন তাঁরা।

এসআইআর শুনানির শেষ দিন পাশে থাকার বার্তা তৃণমূল নেতার

নিজস্ব প্রতিবেদন, হাড়োয়া: এসআইআর শুনানির শেষ দিনে অভিনব উদ্যোগ তৃণমূল নেতার, লাল গোলাপ ও শুকনো খাবার দিয়ে ভোটারদেরকে সংবর্ধনা জানালেন তৃণমূল নেতা। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমার হাড়োয়া বিডিও অফিসে। শনিবার ছিল রোজ ডে, নির্বাচন কমিশনের নির্দেশমত এদিনই ছিল শুনানীর শেষ দিন। এদিন হেয়ারিং এ আসা ভোটারদেরকে লাল গোলাপ এবং মিষ্টিমুখ করালেন তৃণমূল নেতা আধুল খালেক মোল্লা সহ অন্যান্যরা। এমন অভিনব উদ্যোগেকে সাধুবাদ জানিয়েছেন সাধারণ মানুষ। এই প্রসঙ্গে হাড়োয়া ও মিনাখাঁ বিধানসভার কোডিনেটর আধুল খালেক মোল্লা বলেন, 'বিজেপির নির্দেশে নির্বাচন কমিশন এসআইআর এর নামে সাধারণ মানুষকে হেনস্তা করছেন। আর আমরা তৃণমূল কংগ্রেসের সৈনিকেরা দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও সেনাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে হেয়ারিং এর প্রথম দিন থেকেই ক্যাম্প করে মানুষকে সহায়তার পাশাপাশি জলছত্র খুলে সাধারণ মানুষের পাশে থেকেছি। আজ শেষ দিন, পাশাপাশি রোজ ডে তাই এদিন গোলাপ ও শুকনো খাবার দিয়ে তাদের পাশে থাকার চেষ্টা করেছি।'

বিকল্প টোটো স্ট্যান্ডের জায়গা ভাবার নির্দেশ পুলিশ ও পুরসভার

নিজস্ব প্রতিবেদন, বনগাঁ: রাস্তার ওপরে নয়, বিকল্প টোটো স্ট্যান্ড ভাবুন এমন ভাবে চলতে পারে না, টোটোচালকদের নির্দেশ পুলিশ ও বনগাঁ পুরসভার। বনগাঁ শহর জুড়ে বিভিন্ন জায়গায় রাস্তার ওপরে টোটো স্ট্যান্ড গজিয়ে উঠেছে। ফুটপাথের ওপরে চলছে ব্যবসা। শনিবার বনগাঁ পুলিশ প্রশাসন ও পুরসভার পক্ষ থেকে অবৈধ ভাবে রাস্তার উপরে তৈরি হওয়া টোটো-অটো স্ট্যান্ড ও ফুটপাথের ওপরে অবৈধ দখলদারির বিরুদ্ধে অভিযানে নামে। বনগাঁ মতিগঞ্জ রাস্তার ওপরে দাঁড়িয়ে থাকা টোটোচালকদের উদ্দেশ্যে পুলিশ ও পুরসভার পক্ষ থেকে বলা হয় বিকল্প ভাবুন এমন ভাবে রাস্তার ওপরে টোটো নিয়ে দাঁড়িয়ে থাকা চলবে না। দু'দিনের মধ্যে ব্যবস্থা গ্রহণ করে প্রশাসনকে জানানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এই বিষয়ে টোটোচালকরা জানিয়েছেন, পুলিশের পক্ষ থেকে তাদের বিকল্প ভাবনার জন্য বলা হয়েছে। তারা ঊর্ধ্বতন নেতৃত্বের সঙ্গে এই বিষয়ে কথা বলবেন। আগামী দু'দিনের মধ্যে পুলিশকে জানাতে বলা হয়েছে তাদের।

বনগাঁ পুরসভার চেয়ারম্যান দিলীপ মজুমদার জানিয়েছেন, 'বনগাঁর সাধারণ মানুষ রাস্তার ওপরে টোটো স্ট্যান্ড ও ফুটপাথ নিয়ে আমার কাছে অভিযোগ জানিয়েছিল। আমি পুলিশ প্রশাসনকে অনুরোধ করেছি যাতে রাস্তার ওপরে টোটো স্ট্যান্ড ও অবৈধভাবে ফুটপথ দখলদারি মুক্ত করতে হবে। সেইমতোই আজ পুলিশ প্রশাসন ও পুরসভার তরফ থেকে অভিযান শুরু করা হয়েছে। আগামীতেও এই অভিযান চলবে।'

বসতবাড়িতে পিকআপ ভ্যান উলটে অল্পের জন্য বাঁচল সদস্যরা, আহত ৩

নিজস্ব প্রতিবেদন, কালনা: দ্রুত গতিতে আসা একটি পণ্য বোঝাই পিকআপ ভ্যান আচমকা ব্রেক করার ফলে নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায় রাস্তার পাশে একটি বসতবাড়িতে। অল্পের জন্য প্রাণে বেঁচে যান ঘরে থাকা মানুষরা। যদিও দুর্ঘটনাগ্রস্থ পিকআপ ভ্যানে থাকা তিনজন জখম হয় বলে জানা গিয়েছে। ঘটনাটি ঘটে পূর্ব বর্ধমানের কালনার নাদনঘাট থানার অন্তর্গত কাঞ্চনতলা মোড় এলাকায়।

জানা গিয়েছে, অত্যন্ত দ্রুতগতিতে একটি পিকআপ ভ্যান নবদ্বীপ থেকে সমুদ্রগড় যাচ্ছিল। সেই সময়ই কাঞ্চন তলা মোড় এলাকায় একটি টোটোকে বাঁচাতে গিয়ে হটাৎ ব্রেক করে। তারপরেই গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে উলটে যায়। রাস্তার ধারে বসতঘরে উলটে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হয়েছে ঘরটি। গাড়িতে থাকা তিনজন জখম হয়। বিকট শধে প্রচুর মানুষজন ছুটে গিয়ে সেখানে জড়ো হন। খবর পেয়ে ঘটনাস্থলে এসে পৌঁছয় নাদনঘাট থানার পুলিশ। আহত তিনজনকে উদ্ধার করে পাঠানো হয় কালনা মহকুমা হাসপাতালে।দুর্ঘটনার জেরে যানবাহন চলাচল ব্যাহত হয় কালনা কাটোয়া রাস্তায়। পরবর্তী সময়ে পুলিশের হস্তক্ষেপে নিয়ন্ত্রণে আসে পরিস্থিতি। দুর্ঘটনাস্থল থেকে গাড়িটিকে সরিয়ে পরিস্থিতি স্বাভাবিক করে নাদনঘাট থানার পুলিশ ।

আচমকা দাউদাউ করে জ্বলল চারচাকা

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: দুর্গাপুরের ব্যস্ত সেনমার্কেট এলাকায় শুক্রবার রাত্রে হঠাৎই আতঙ্ক ছড়াল। চোখের পলকে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা একটি চারচাকা গাড়িতে আগুন ধরে যায়। মুহূর্তের মধ্যেই আগুনের ধোঁয়ায় ঢেকে যায় গোটা এলাকা।

ঘটনার জেরে সেনমার্কেটের পরিচিত কোলাহল থমকে যায়। ব্যস্ত রাস্তার দু'দিকে দাঁড়িয়ে পড়ে দূরপাল্লার বাস, অটো, টোটো, বাইক-সহ অন্যান্য যানবাহন। সাধারণ পথচারীরাও আতঙ্কে নিরাপদ দূরত্বে সরে যান। দাউ দাউ করে জ্বলতে থাকা গাড়ির সেই দৃশ্য মোবাইলে বন্দি হয়ে দ্রুতই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়।

কাঁকসায় ৪টি মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র পরিদর্শন পর্ষদ সভাপতির

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: শনিবার মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রগুলিতে পরিদর্শনের বের হন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ডক্টর রামানুজ গাঙ্গুলি। পরীক্ষার প্রথম দিন থেকেই চলছে জেলায় জেলায় পরিদর্শন। এদিন প্রথমে বীরভূমের কয়েকটি বিদ্যালয় পরিদর্শন করার পর কাঁকসায় প্রবেশ করেন তিনি। প্রথমে কাঁকসার পিয়ারিগঞ্জ চারুচন্দ্র উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন এরপর কাঁকসা উচ্চ বিদ্যালয়, পানাগড় বাজার উচ্চ বিদ্যালয় এবং পানাগড় বাজার হিন্দি হাই স্কুল পরিদর্শন করেন তিনি। তার সঙ্গে এদিন মধ্যশিক্ষা পর্ষদের অন্যান্য আধিকারিকরা-সহ পূর্ব এবং পশ্চিম বর্ধমান জেলার আধিকারিকরাও উপস্থিত ছিলেন।

পানাগড় বাজার হিন্দি হাই স্কুল পরিদর্শন করার পর তিনি জানিয়েছেন, এ বছর সুষ্ঠুভাবেই মাধ্যমিক পরীক্ষা চলছে। এখনো পর্যন্ত কোথাও কোন সমস্যা হয়নি।তবে পানাগড় বাজার হিন্দি হাই স্কুল পরিদর্শনে এসে তিনি জানিয়েছেন, বিদ্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং বিদ্যালয়ের নেমবোর্ড না-থাকার বিষয়ে নিয়ে যে অভিযোগ উঠেছে, এই বিষয়ে তিনি পরিচালন সমিতিকে জানাবেন যাতে তারা বিষয়টি দেখেন। পূর্ব বর্ধমান জেলার আঝাপুর উচ্চ বিদ্যালয় স্কুল পরিদর্শক কে মারধরের ঘটনায়, যে সমস্যা সৃষ্টি হয়েছিল তা মিটে গিয়েছে। বর্তমানে ওই বিদ্যালয়ে সুষ্ঠুভাবেই পরীক্ষা চলছে বলে জানিয়েছেন তিনি। তিনি জানিয়েছেন, পরীক্ষার দিনগুলি নিয়মমাফিক তিনি এই পরিদর্শন করেন। এবারও জেলায় জেলায় ঘুরে তিনি পরীক্ষার পরিবেশ এবং পরীক্ষা কেমন চলছে তা নিজেই খতিয়ে দেখেন।

পশ্চিমবঙ্গ মাধ্যমিক পর্ষদের পশ্চিম বর্ধমানের কনভেনার রাজিব মুখার্জি জানিয়েছেন, মাধ্যমিক পরীক্ষায় ছাত্রীদের সংখ্যা অনেকটাই বাড়ছে প্রতিবছর। কারণ রাজ্য সরকার ছাত্রীদের জন্য কন্যাশ্রী, সবুজসাথী প্রকল্প শুরু করেছেন যার কারণে স্কুল মুখো হচ্ছেন ছাত্রীরা। এর ফলে ছাত্রীদের মধ্যে শিক্ষার হার যেমন বাড়ছে, তার সাথে স্কুল ছুট ছাত্রীর সংখ্যাও অনেকটাই কমেছে। ফলে এবছর ছাত্রদের পাশাপাশি ছাত্রীদের সংখ্যাও তুলনামূলক ভাবে বেড়েছে।

জেলা বিদ্যালয় পরিদর্শক সৌমেন চন্দ্র লাহা, জানিয়েছেন, মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি পরিদর্শনে এসে তিনি পরীক্ষার পরিবেশ এবং পরীক্ষা কেন্দ্র গুলি ঘুরে তিনি খুশি হয়েছেন। এবছর মাধ্যমিক পরীক্ষায় পশ্চিম বর্ধমান জেলায় কোথাও কোনও সমস্যার সৃষ্টি হয়নি। প্রশাসনের পাশাপাশি মধ্যশিক্ষা পর্ষদের আধিকারিকরাও সর্বদা সজাগ রয়েছেন। কোথাও পরীক্ষার্থীদের সমস্যার মুখে পড়তে হলে তারা দ্রুত ব্যবস্থা গ্রহণ করছেন।

লক্ষ্মীর ভাণ্ডারে ৫০০ টাকা বাড়ায় উড়ল সবুজ আবির

নিজস্ব প্রতিবেদন, হুগলি: ৫০০ টাকা বেড়েছে লক্ষ্মীর ভাণ্ডারে। ভোটের আগে এইবারের টার্মে রাজ্য সরকারের শেষ বাজেটে হয়ে গিয়েছে ঘোষণা। বাজেট ঘোষণার ৪৮ ঘণ্টার মধ্যেই সেই অতিরিক্ত ৫০০ টাকা বেশি ঢুকতে শুরু করল মহিলাদের অ্যাকাউন্টে। তফসিলি জাতি ও উপজাতি এবং পিছিয়ে পড়া সম্প্রদায়ের মহিলারা এই প্রকল্পে পাচ্ছেন ১৭০০ টাকা করে। বাজেট ঘোষণার পরই উচ্ছ্বাসে মাতোয়ারা হতে দেখা গিয়েছিল তৃণমূলের মহিলা কর্মীদের। রাজ্যের নানা প্রান্তে একাধিক জেলায় বের হয়েছিল মিছিল। এবার টাকা ঢুকতেই ফের একবার দেখা গেল চেনা উচ্ছ্বাসের ছবি। ফের বের হল মিছিল। উড়ল আবির।

তৃণমূলের দলীয় পতাকা নিয়ে আবির খেলায় মেতে উলেন মহিলারা। চলল মিষ্টিমুখ। হুগলি চুঁচুড়া পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডের বাঘাযতীন মাঠ উড়ল সবুজ আবির। তৃণমূল কংগ্রেসের কার্যালয়ের সামনের রাস্তায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নামে সবুজ আবির উড়িয়ে উঠল জয়ধ্বনি। সকলের একটাই কথা, কথা দিয়ে কথা রাখতে জানেন মমতা বন্দ্যোপাধ্যায়। তফসিলি সম্প্রদায়ভুক্ত এক মহিলা বললেন, 'আজকেই আমাদের ফোনে মেসেজ এসেছে। ১৭০০ টাকা ঢুকেছে অ্যাকাউন্টে। একেবারে ৫০০ টাকা বেড়েছে। আমরা খুবই খুশি। পাশাপাশি যুবকদের বেকার ভাতা দেওয়ার যে কর্মসূচি নেওয়া হয়েছে তাতেও আমরা খুবই খুশি। মমতা বন্দ্যোপাধ্যায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি সেটা রাখছেন। আমরা সবসময় দিদিকেই পাশে চাই।' পাশে দাঁড়িয়ে আরও এক মহিলা বললেন, 'আমার অ্যাকাউন্টে শনিবার ১৫০০ টাকা ঢুকেছে। খুবই ভালো লাগছে। এই সরকারকেই আমকা পাশে চাই।'

পুকুর ভরাটের অভিযোগে ক্ষোভ, ব্যবস্থা গ্রহণের আশ্বাস পঞ্চায়েতের

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: পুকুর ভরাটের অভিযোগকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে কাঁকসায়। পুকুর ভরাটকে কেন্দ্র করে তীব্র ক্ষোভ কাঁকসার আররা এলাকার বাগদী পাড়ার বাসিন্দাদের। এলাকাবাসীর অভিযোগ, দিনের আলোয় পুকুরের এক বড় অংশ বুজিয়ে ফেলা হচ্ছে। বারবার পঞ্চায়েত উপপ্রধানকে জানানো হলেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি বলে দাবি গ্রামবাসীদের। তাদের দাবি, গরমকালে তীব্র জলসংকট মেটাতে এই পুকুরই ছিল এলাকার একমাত্র ভরসা। শুধু তাই নয়, নানান সামাজিক কাজেও এই পুকুরের জল লাগে। যখন পুকুরটি সাধারণ মানুষের ব্যবহারের কাজে লাগে তখন কেন এই পুকুরটি বোজানো হবে। সেই নিয়েই প্রশ্ন তুলেছেন এলাকার মানুষ।

এ বিষয়ে কাঁকসার মলানদীঘি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান বিশ্বরূপ চ্যাটার্জি জানান, গ্রামবাসীরা তাঁকে অভিযোগ করাতেই।যাঁরা পুকুর বোজানোর কাজ করছিল তাঁদের নিষেধ করা সত্ত্বেও তারা কাজ বন্ধ করেনি। বিষয়টি নিয়ে তিনি মহকুমা শাসকের কাছেও অভিযোগ জানিয়েছেন বলে দাবি পঞ্চায়েত উপপ্রধানের। এই ঘটনাকে প্রকাশে আসতেই বিজেপি অভিযোগ তোলে দিনের আলোয় প্রকাশ্যে পুকুর বোজানোর কাজ চললেও প্রশাসন ও শাসক দল নীরব।

মানসিক ভারসাম্যহীন গর্ভবতী মহিলাকে উদ্ধার পুলিশের

নিজস্ব প্রতিবেদন, বনগাঁ: মানসিক ভারসাম্যহীন গর্ভবতী মহিলাকে উদ্ধার করে হাসপাতালে পাঠাল পুলিশ ও স্থানীয়রা। গর্ভবতী অবস্থায় এখানে ওখানে ঘুরে বেড়াচ্ছে একজন মানসিক ভারসাম্যহীন মহিলা। এমন অবস্থায় মানসিক ভারসাম্যহীন মহিলার দিকে মানবিকতার হাত বাড়িয়ে দিলেন বনগাঁ পুলিশ প্রশাসন এবং স্থানীয় বাসিন্দারা। তাঁকে উদ্ধার করে বনগাঁ হাসপাতালে নিয়ে আসা হয়। জানা গিয়েছে, বনগাঁ থানার গাঁড়াপোতা গ্রাম পঞ্চায়েতের মুড়িঘাটা এলাকায় স্থানীয় মানুষদের নজরে আসে একজন মানসিক ভারসাম্যহীন গর্ভবতী মহিলা ঘোরাফেরা করছে এবং তাঁর শারীরিক অবস্থা খারাপ। স্থানীয়রা এই বিষয়টি স্থানীয় পঞ্চায়েত সদস্য বিট্টু সরদারকে জানায় এবং খবর দেওয়া হয় বনগাঁ থানার পুলিশ প্রশাসনকে। পরবর্তীতে বনগাঁ থানার পুলিশ প্রশাসন এবং স্থানীয়দের সহযোগিতায় অ্যাম্বুলেন্স এনে ওই মানসিক ভারসাম্যহীন গর্ভবতী মহিলাকে হাসপাতালে নিয়ে আসা হয়। তিনি বর্তমানে বনগাঁ মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। শ্যামলী সরদার নামে স্থানীয় আশাকর্মী বলেন, 'মানসিক ভারসাম্যহীন ওই মহিলা গর্ভবতী অবস্থায় যত্রতত্র ঘোরাফেরা করছে সেই খবর দেওয়া হয় আমাকে। আমি এসে অ্যাম্বুল্যান্স ডাকি। পুলিশ এবং স্থানীয়দের সহযোগিতায় তাঁকে হাসপাতালে নিয়ে এসেছি।' পুলিশের সূত্রে খবর এই মহিলার বাড়ি কোথায়, তিনি কোথা থেকে এসেছেন, সে বিষয়ে খোঁজ খবর নেওয়া হচ্ছে এবং তার খোঁজখবর পাওয়া গেলে তার পরিবারের সঙ্গে যোগাযোগ করা হবে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে।